

আল্লাহ্ মানুষ ও তার অন্তরের মধ্যবর্তী হয়ে থাকেন অর্থাৎ মানুষের মনের
উপর আল্লাহর পূর্ণ কর্তৃত্ব বিদ্যমান” ।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ **আল্লাহ্ মানুষ ও তার অন্তরের মধ্যবর্তী হয়ে
থাকেন অর্থাৎ মানুষের মনের উপর আল্লাহর পূর্ণ কর্তৃত্ব বিদ্যমান”।**

পবিত্র কোরআনের সুরা আনফালের ২৪ নং আয়াতের।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ وَاعْلَمُوا
(24) أَنَّ اللَّهَ يَحُولُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهِ وَأَنَّهُ إِلَيْهِ تُحْشَرُونَ

হে মুমিনগণ! রাসুল যখন তোমাদেরকে এমনকিছুর দিকে আহ্বান করে যা
তোমাদেরকে প্রাণবন্ত করে তখন আল্লাহ ও রাসুলের ডাকে সাড়া দিবে এবং জেনে
রাখ যে, আল্লাহ মানুষ ও তার অন্তরের মধ্যবর্তী স্থানে থাকেন। এবং তাঁরই নিকট
তোমাদেরকে একত্র করা হবে।

একটি হাদীসঃ আহমদ ৩/১১২, তিরমিযী ৬/৩৪৯, ৩৫০

রাসুল(সাঃ) দোয়া করতেন,

يَا مُقَلَّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

হে অন্তরের পরিবর্তনকারী! আমার অন্তরকে আপনার দ্বীনের উপর প্রতিষ্ঠিত রাখুন। সাহাবীগণ তখন প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! আমরা আপনার উপর ও কোরআনের উপর ঈমান এনেছি। আমাদের ব্যপারে আপনার কোন সন্দেহ রয়েছে কি?

তিনি উত্তরে বললেন ,হ্যাঁ, কেননা এতে বিশ্বাসের কিছু নেই যে, তোমাদের অন্তরের পরিবর্তন ঘটে। কারণ মানুষের অন্তর আল্লাহর দু'আঙ্গুলির মাঝে রয়েছে। তিনি যখন ইচ্ছা করবেন তখন বদলে দিবেন। প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দেই। এবং অত্যন্ত নিষ্ঠার সাথে মহান প্রভুর কাছে দোয়া করিঃ হে অন্তরের পরিবর্তনকারী আমার অন্তরকে আপনার দ্বীনের উপর প্রতিষ্ঠিত রাখুন।
আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ

.....

clickhere<http://www.morningbrightness.fi/>

@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>